দৈনিক ইত্তেফাক

42

MAR 0 1 2000
তারিখ ...
পৃষ্ঠা 8 কলাম 7

## প্রবেশপত্রে কেন্দ্রের নামভুল থাকায়

গত ১০-১২-৯৯ তারিখে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদের নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত পরীক্ষার ৬৭৩১ হইতে ৬৭৬৪ পর্যন্ত ক্রমিক নম্বরের প্রবেশপত্রে কেন্দ্রের স্থানে লেখা হইয়াছিল সরকারী রংপুর কলেজ। স্বাভাবিকভাবে আমরা মেয়েরা সরকারী রংপুর কলেজে গিয়া উপস্থিত হইয়া জানিতে পারি সেখানে আমাদের কোন আসন বসানো হয় নাই। আমাদের কেন্দ্র সরকারী উচ্চ বিদ্যালয়। সরকারী রংপুর কলেজে হইতে সরকারী উচ্চ বিদ্যালয়ে মোট তেত্রিশজন ছাত্রীর অনেকেই ১০টা ৩৫ মিনিটে আসিয়া উপস্থিত হয়। তখন এমসিকিউ পরীক্ষা শুরু হইয়া গিয়াছিল। পরীক্ষার জন্য আমরা সময় পাইয়াছিলাম মাত্র ১৫ মিনিট। আমাদের প্রবেশপত্রে কেন্দ্র উল্লেখের ক্ষেত্রে কেন এতবড় ভুল হইল তাহা খতাইয়া দেখিবার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

শিশির,
রংপুর।